

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর
ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেশন আইডিয়া

শিরোনাম: মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে মৎস্যচাষীদের সেবা প্রাপ্তি সহজীকরণ।

১. পটভূমি:

কাপাসিয়া উপজেলার আপামর জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা, পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আধুনিক ও উন্নত উপজেলা হিসেবে কাপাসিয়া উপজেলাকে প্রতিষ্ঠিত করে মৎস্য খাতকে অধিকতর বিকশিত করার মাধ্যমে মৎস্যসেবা সহজে জনগণের দোরগোড়ার পৌছাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্যসেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকদের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর মৎস্য চাষীদের মৎস্য বিষয়ক সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে:

মাছ চাষের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য প্রাপ্তি। বিদ্যমান ব্যবস্থায় গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য পাওয়ার উৎস জানতে হলে মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বরসমূহ মাছচাষীদের কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইল ব্যালেন্স না থাকা এবং অন্যান্য নানা সমস্যার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না। এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ভারুয়াল মাধ্যমভিত্তিক যোগাযোগ তৈরির ক্ষেত্রে মানসম্পন্ন মৎস্য খাদ্যের তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন।

উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য মৎস্যচাষ কার্যক্রমকে আরো গতিশীল করতে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, কাপাসিয়া, গাজীপুর কর্তৃক ওয়েবপোর্টালে মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী এ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে কাপাসিয়া উপজেলার মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) তথ্য ওয়েবপোর্টালে সংরক্ষিত থাকবে, যার মাধ্যমে আগ্রহী মৎস্যচাষি তাৎক্ষণিকভাবে চাহিদা অনুযায়ী যে কোন স্থান হতে মানসম্মত মৎস্য খাদ্য সংগ্রহ করতে পারবে।

৩. বাস্তবায়ন প্রক্রিয়া:


উপজেলা মৎস্য দপ্তর, কাপাসিয়া, গাজীপুর কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট-ক) মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) তথ্য সংগ্রহ করা হবে। মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের (পাইকারি ও খুচরা) নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম সংরক্ষণাগার, মৎস্য খাদ্য আইন অনুযায়ী খাদ্যের মান নিশ্চিত, যোগাযোগ ব্যবস্থা, মৎস্য অধিদপ্তরের লাইসেন্সধারী, প্রশিক্ষণ প্রাপ্ত কিনা প্রভৃতি বিষয়সমূহকে বিবেচনায় রাখতে হবে।

8. লগ ফ্রেইম (Log Frame):

ক্র. নং	কার্যক্রম	সময়কাল (২০২৩-২৪)				
		নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারী	ফেব্রুয়ারি	মার্চ
১.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ					
২.	তথ্য যাচাইকরণ					
৩.	উপজেলা দপ্তরের ওয়েব পোর্টালে তথ্য আপলোডকরণ					

৫. প্রত্যাশিত ফলাফল:

- অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েবপোর্টাল হতে মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের তথ্য সংগ্রহ করা যাবে।
- গবেষণাধর্মী কাজে সহায়ক হবে।
- ভার্চুয়াল বাজার ব্যবস্থাপনায় মানসম্মত মৎস্য খাদ্য বিক্রেতাদের তথ্যসমৃদ্ধ ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।


৩০/৩/২৩
মোঃ আশরাফুল্লাহ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কাপাসিয়া, গাজীপুর।